কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাইবান্ধা।

wwwgaibandha.gov.bd

স্মারক নং- ১২.০৪.৩২০০.০০৪.৮২.০০২.১৯.৩০৮ তারিখ: ১০/০৬/২০২৬ খ্রি.

বিষয়: মানঘোষিত বীজ উৎপাদন ও বাজারজাতকরণে অনুসরণীয় বিষয় সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে গাইবান্ধা জেলায় নিবন্ধিত সকল বীজ উৎপাদনকারী/বীজ কোম্পানী/বীজ ডিলারকে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত মানঘোষিত বীজের তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করা এবং মানঘোষিত বীজ উৎপাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. বীজ বিধি, ২০২০ এর বিধি ১২ মোতাবেক বীজের শ্রেণি, বীজের উৎস (Source Tag) সম্পর্কিত তথ্য সংরক্ষণ করতে হবে
২. জমির পরিমাণ দাগ নং সহ স্পষ্টভাবে উল্লেখপূর্বক সংরক্ষিত থাকতে হবে
৩. বীজ বিধি, ২০২০ এর বিধি ১২(৫) মোতাবেক মানঘোষিত বীজ উৎপাদনে বীজের উৎস অবশ্যই ভিত্তি বা প্রত্যায়িত হতে হবে
৪. মানঘোষিত বীজ বাজারজাত করণের পূর্বে সরকার কর্তৃক অনুমোদিত ল্যাব হতে বীজ নমুনা পরীক্ষা করতে হবে
৫. বীজ বিধি, ২০২০ এর বিধি ১২ (৫) (গ) মোতাবেক নির্ধারিত ট্যাগ কার্ড (হলুদ রং) ব্যবহার করতে হবে এবং
৬. বীজ বিধি,২০২০ এর তপশিল-২ এ উল্লেখিত তথ্যাদি ট্যাগ কার্ডে সংযুক্ত করতে হবে।

বিষয়টি জনগুরুত্বপূর্ণ। বিধায় ব্যত্যয় ঘটলে বীজ আইন, ২০১৮ এবং বীজ বিধি, ২০২০ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০/০৬/২০২৬

(মো: এনামুল হক)
জেলা বীজ প্রত্যয়ন অফিসার
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাইবান্ধা।

.....................................................................
......................................................., গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে। কার্যার্থে বিতরণ
১। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, রংপুর অঞ্চল, রংপুর।
২। বহিরাঙ্গন অফিসার, অত্র দপ্তর।
৩। অফিস কপি।